আজকের কাগজ

৩৮

তারিখ 18 SEP 1991
পৃষ্ঠা ৮ কলাম ৮

৬০

## সরকারি কলেজ প্রভাষকদের সঙ্গে শিক্ষা মন্ত্রণালয়ের কমিটির বৈঠক হয়েছে

**কাগজ প্রতিবেদক :** গতকাল মঙ্গলবার বাংলাদেশ সরকারি কলেজ প্রভাষক সমিতির ১২ দফা দাবি নিয়ে শিক্ষা মন্ত্রণালয়ে সরকার গঠিত উচ্চ পর্যায়ের কমিটির এক আনুষ্ঠানিক বৈঠক হয়েছে।

বৈঠকে যে সমস্ত কলেজের প্রভাষকবৃন্দ এখনও ২৪শ' টাকার উচ্চতর স্কেলের প্রাপ্য টাকা তুলতে পারেননি তাদের সংশ্লিষ্ট এজি অফিসে সি এ ও'র পক্ষ থেকে বিশেষ সার্কুলার যাচ্ছে বলে সমিতির নেতৃবৃন্দকে জানানো হয়। এছাড়া বৈঠকে রেট্রোসপেকটিভ ইফেক্টসহ পদোন্নতি শতকরা ২০ ভাগ সংরক্ষণ বাতিল, ১১২ কলেজে পদ সৃষ্টি, ডেপুটেশনের পদ শতকরা দশ ভাগ পূরণসহ সমিতির বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে আলোচনা হয়। বেশ কয়েকটি বিষয়ে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্তও বৈঠকে নেয়া হয় বলে সংগঠন সূত্রে জানা গেছে।

বৈঠকে সরকার পক্ষ থেকে যুগ্ম-সচিব এবং কমিটির সদস্য আহমদ হোসেন এবং প্রভাষক সমিতির পক্ষে কামাল আতাউর রহমান, আ, ক, ম মুহম্মদ সানাউল্লাহ, ওমর ফারুক ও নাজনীন বেগম উপস্থিত ছিলেন।